

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

২০ ডিসেম্বর ২০২১ খ্রি.

খেলা হচ্ছে মেধাবিকাশের অন্যতম প্লাটফর্ম – মেয়র

আজ সোমবার বিকেলে চট্টগ্রাম বিকেএসপি মাঠে বিকেএসপি কাপ কাবাডি চ্যাম্পিয়নশীপ'র ফাইনাল খেলা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। এবারের বিকেএসপি কাপ কাবাডি চ্যাম্পিয়নশীপ ফাইনালে প্রতিদ্বন্দ্বিতা করে বিকেএসপি লাল কাবাডি দল খেলায় মৌলভী বাজার এ্যাথলেটিকস ও কাবাডি একাডেমী দলকে হারিয়ে চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী। বিকেএসপি'র মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল এ.কে.এম মাজহারুল হক পি.এস.সি, এল.এস.সি এমফিল'র সভাপতিত্বে অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিকেএসপি'র পরিচালক কর্ণেল মিজানুর রহমান পি.এস.সি, চট্টগ্রাম বিকেএসপি'র ভারপ্রাপ্ত উপ-পরিচালক আবু তারেক, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর তসলিমা বেগম নুরজাহান প্রমুখ।

প্রধান অতিথির বক্তব্যে মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেন, কাবাডি বাংলাদেশের জাতীয় ও গ্রাম বাংলার জনপ্রিয় খেলা। আমাদের এই জাতীয় খেলাটি প্রায়ই বিলুপ্তির পথে, হয়তোবা নতুন প্রজন্মের অনেকে এই খেলা সম্পর্কে কিছুই জানে না। তাই তাদের জন্য শুধু কাবাডি নয় সকল ধরণের খেলাধুলার ব্যবস্থা নিশ্চিত করতে হবে। করোনার প্রাদুর্ভাবের ফলে দীর্ঘদিন খেলাধুলা হয়নি। সুস্থ থাকার জন্য খেলাধুলা অত্যন্ত প্রয়োজন। তিনি বলেন, খেলাধুলার মাধ্যমে মানসিকতার পরিবর্তন হয়, খেলা হচ্ছে মেধাবিকাশের অন্যতম প্লাটফর্ম। মোবাইল, মাদকাসক্তি, ইভটিজিং, কিশোর গ্যাং সহ সামাজিক অবক্ষয়মূলক কাজ থেকে দূরে সরতে যুবসমাজকে খেলাধুলার প্রতি উৎসাহিত করতে হবে। তিনি বিকেএসপি'র মত অন্যান্য জাতীয় সংগঠকদের নতুন প্রজন্মদের খেলাধুলার প্রতি আগ্রহ সৃষ্টি করার জন্য ভূমিকা রাখার আহ্বান জানান।

সভাপতি বক্তব্যে বিকেএসপি'র মহাপরিচালক স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও মুজিববর্ষে এই প্রতিযোগিতায় যে দলগুলো অংশগ্রহণ করেছে তাদেরকে সাধুবাদ জানিয়ে বলেন, সমাজকে সুন্দরভাবে গড়ে তুলতে হলে খেলাধুলা চর্চার বিকল্প নেই। তিনি আগামীতে আরো বেশি দল এই প্রতিযোগিতায় অংশগ্রহণ করবে বলে আশাবাদ ব্যক্ত করেন।

অনুষ্ঠান শেষে মেয়র বিজয়ী দলের হাতে চ্যাম্পিয়নশীপ ট্রফি তুলে দেন।

মেয়রের নির্দেশে পরিচ্ছন্ন কাজ অব্যাহত

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরীর নির্দেশে নগরীর বিভিন্ন ওয়ার্ডে অবৈধ স্থাপনা উচ্ছেদ, পরিষ্কার পরিচ্ছন্নতা ও মশক নিধন অভিযান পরিচালিত হয়। এরই ধারাবাহিকতায় ২৩, ৮, ১৫, ১৬, ১০, ১১ ও ২৬নং ওয়ার্ডে সড়ক, অলি-গলি ও বাড়িতে মশক নিধন ও পরিষ্কার ও পরিচ্ছন্নতা কার্যক্রম উপ-প্রধান পরিচ্ছন্ন কর্মকর্তা মোরশেদুল আলম'র নেতৃত্বে পরিচালিত হয়। চসিকের পক্ষ থেকে মেয়র মো. রেজাউল করিম চৌধুরী নগরবাসীকে এই কার্যক্রমে সহযোগিতা করার জন্য আহ্বান জানান। এছাড়া বাড়ির আঙ্গিনা নিজ উদ্যোগে পরিষ্কার পরিচ্ছন্ন রেখে নগরবাসীকে নাগরিক দায়িত্ব পালনের জন্য অনুরোধ জানান।

শহীদ জায়া বেগম মুস্তারি শফির মৃত্যুতে মেয়রের শোক

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বিশিষ্ট লেখিকা, নারী সংগঠক ও শহীদ জায়া বেগম মুস্তারি শফির মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন। এক শোক বার্তা তিনি বলেন, দেশ এক দক্ষ নারী সংগঠক ও বিশিষ্ট লেখিকাকে হারালো যা অপূরণীয়। তিনি তাঁর রাহের মাগফেরাতসহ শোক সন্তপ্ত পরিবারের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

ডিপ্লোমা প্রকৌশলীদের বিজয় দিবস উদযাপন

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, ১৯৭১ সালে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে, মহান মুক্তিযুদ্ধে লাখো শহীদের আত্মত্যাগের বিনিময়ে বিশ্ব মানচিত্রে উদিত হয়েছিল স্বাধীন বাংলাদেশ। স্বাধীনতার সুবর্ণ জয়ন্তীতে আমাদের শপথ হোক, স্বাধীনতা বিরোধী অপশক্তির বিরুদ্ধে ঐক্যবদ্ধভাবে প্রতিরোধ গড়ে তোলার অঙ্গীকার। তরুণ প্রজন্মকে মুক্তিযুদ্ধের চেতনায় উজ্জীবিত হয়ে আগামীদিনের নেতৃত্ব গ্রহণে প্রস্তুত হতে আহ্বান জানান।

গত ১৮ ডিসেম্বর নগরীর সিন্দুরবি শিরীষতলা মুক্তক্ষেত্রে মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও মুজিববর্ষ উপলক্ষে বঙ্গবন্ধু ডিপ্লোমা প্রকৌশলী পরিষদ চট্টগ্রাম জেলা শাখার উদ্যোগে 'মুক্তিযুদ্ধের বিজয় উৎসব' অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখতে গিয়ে তিনি একথা বলেন।

প্রকৌশলী বিজয় চক্রবর্তী'র সঞ্চালনায় ও বঙ্গবন্ধু ডিপ্লোমা প্রকৌশলী পরিষদ চট্টগ্রাম জেলার সভাপতি প্রকৌশলী জাফর আহমেদ সাদেকের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন বঙ্গবন্ধু ডিপ্লোমা প্রকৌশলী পরিষদ চট্টগ্রাম জেলার সাধারণ সম্পাদক প্রকৌশলী সুদীপ বসাক, সহ-সভাপতি প্রকৌশলী মোঃ আব্দুল খালেক, সহ-সভাপতি প্রকৌশলী মোঃ হাসমত আলী, সমাজ কল্যাণ সম্পাদক প্রকৌশলী এস.এম.মাহফুজুর রহমান, অর্থ সম্পাদক প্রকৌশলী শুভাশীষ দাশ, সহ-সাংগঠনিক সম্পাদক প্রকৌশলী আকবর খান, চাকরি বিষয়ক সম্পাদক প্রকৌশলী বুলন বড়ুয়াসহ সংশ্লিষ্টরা।

অনুষ্ঠানে প্রকৌশলীদের সন্তানের অংশগ্রহণে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান পরিবেশিত হয়।

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩